

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে হস্তান্তরিত জাতের তালিকা

ক্রমিক নং	জাতের নাম	উৎপাদন মৌসুম	হেক্টর প্রতি ফলন (টন)	জীবনকাল (দিন)	বৈশিষ্ট্য
১.	বারি গম-২৫	রবি	৩.৮-৫.০	১০২-১১০	চার-পাঁচটি কুশি বিশিষ্ট। গাছের উচ্চতা ৯৫-১০০ সেন্টিমিটার। শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫৫টি দানার রং সাদা, চকচকে ও আকারে বেশ বড় (হাজার দানার ওজন ৫৪-৫৮ গ্রাম) জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং মরিচা রোগ প্রতিরোধী এবং তাপসহিষ্ণু। জাতটি লবণাক্ততা সহিষ্ণু হাওয়ায় দক্ষিণাঞ্চলে মাধ্যম মাত্রার লবণাক্ত (৮-১০ ডিএস/মি) এলাকাসহ দেশের সর্বত্র আবাদের জন্য উপযোগী।
২.	বারি গম-২৮	রবি	৪.০-৫.৫	১০২-১০৮	চার-পাঁচটি কুশি বিশিষ্ট। গাছের উচ্চতা ৯৫-১০০ সেন্টিমিটার। শীষ বের হতে ৫৫-৬০ দিন সময় লাগে। শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫০টি। দানার রং সাদা, চকচকে ও আকারে মাঝারী (হাজার দানার ওজন ৪৩-৪৮ গ্রাম) জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং মরিচা রোগ প্রতিরোধী। জাতটি তাপসহিষ্ণু এবং শতাব্দী জাতের চেয়ে প্রায় ১০ দিন আগে পাকে তাই দেরিতে বপনে বপনে শতাব্দীর চেয়ে ১৫-২০% ফলন বেশি দেয়।
৩.	বারি গম-২৯	রবি	৪.০-৫.০	১০৫-১১০	তিন-পাঁচটি কুশি বিশিষ্ট। গাছের উচ্চতা ৯২-৯৬ সেন্টিমিটার। শীষ বের হতে ৬০-৬৪ দিন সময় লাগে। শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫০টি। দানার রং সাদা, চকচকে ও আকারে মাঝারী (হাজার দানার ওজন ৪৪-৪৮গ্রাম) জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং মরিচা রোগ প্রতিরোধী। এছাড়াও জাতটি কান্ডের মরিচা রোগ (ইউজি ৯৯ রেস) প্রতিরোধী।
৪.	বারি গম-৩০	রবি	৪.৫-৫.৫	১০০-১০৫	চার-ছয়টি কুশি বিশিষ্ট। গাছের উচ্চতা ৯৫-১০০ সেন্টিমিটার। শীষ বের হতে ৫৭-৬২ দিন সময় লাগে। শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫০টি। দানার রং সাদা, চকচকে ও আকারে মাঝারী (হাজার দানার ওজন ৪৪-৪৮ গ্রাম) জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং মরিচা রোগ প্রতিরোধী। জাতটি তাপসহিষ্ণু এবং শতাব্দীর চেয়ে ১৫-২০% ফলন বেশি দেয়।
৫.	বারি গম-৩১	রবি	৪.৫-৫.০	১০৫-১০৯	জাতটির উচ্চতা মাঝারী (৯৫-১০০ সেন্টিমিটার), কুশির সংখ্যা চার থেকে ছয়টি, শীষ বের হতে ৬১-৬৫ দিন সময় লাগে, শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪৫-৫২টি। দানার রং সাদা, চকচকে ও আকারে মাঝারী, হাজার দানার ওজন ৪৬-৫২ গ্রাম। জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং পাতার মরিচা রোগ প্রতিরোধী।
৬.	বারি গম-৩২	রবি	৪.৬-৫.০	৯৫-১০৫	জাতটির উচ্চতা মাঝারী (৯০-৯৫ সেন্টিমিটার), কুশির সংখ্যা চার থেকে ছয়টি, শীষ বের হতে ৫৮-৬২ দিন সময় লাগে, শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪২-৪৭টি, দানার, চকচকে ও আকারে বড় (হাজার দানার ওজন ৫০-৫৮ গ্রাম), জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং পাতার মরিচা রোগ প্রতিরোধী, জাতটি গমের ব্লাস্ট রোগে কিছুটা সহনশীল।
৭.	বারি গম-৩৩	রবি	৪.০-৫.০	১১০-১১৫	জাতটির উচ্চতা মাঝারী (১০০-১০৫ সেন্টিমিটার), কুশির সংখ্যা তিন থেকে পাঁচটি, শীষ বের হতে ৬০-৬৫ দিন সময় লাগে, শীষ লম্বা এবং প্রতি শীষে দানার সংখ্যা ৪২-৪৭টি, দানার রং সাদা, চকচকে ও আকারে মাঝারী (হাজার দানার ওজন ৪৫-৫২ গ্রাম), জাতটি গমের ব্লাস্ট রোগ প্রতিরোধী, জাতটি পাতার দাগ রোগ সহনশীল এবং মরিচা রোগ প্রতিরোধী। জাতটি জিংক সমৃদ্ধ এবং দানায় জিংকের মাত্রা ৫০-৫৫ পিপিএম।